# বেসিক ব্যাংক লিমিটেড
শতভাগ রাষ্ট্র মালিকানাধীন বাণিজ্যিক ব্যাংক

**বাবুবাজার শাখা**
৫৬, মিটফোর্ট রোড, বাবুবাজার, ঢাকা।
(অর্থঋণ আদালত আইন ২০০৩ এর ১২(৩) ধারা মোতাবেক)

## বন্ধকী সম্পত্তি বিক্রয়ের নিলাম বিজ্ঞপ্তি

এতদ্বারা প্রকৃত ক্রেতা ও সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাইতেছে যে, **সিল্ক প্রাণী সম্পদ খামার**, ব্যবসায়িক ঠিকানা: হোল্ডিং নং: ১০৪২-০০; দোকান নং: প্রিঃ লাইঃ নং-১৭২/নতুন, কাটিয়া, সাতক্ষীরা, পক্ষে **স্বত্বাধিকারী জনাব মোঃ আলাউদ্দীন লস্কর**, পিতা: মরহুম মহিউদ্দীন লস্কর, মাতা- রিজিয়া খাতুন, স্থায়ী ঠিকানা: গ্রাম- কাটিয়া, লস্কর পাড়া (লস্কর বাড়ী), উপজেলা- সাতক্ষীরা সদর, জেলা- সাতক্ষীরা; বর্তমান ঠিকানা: ৫০৭, পশ্চিম শেওড়াপাড়া, ওয়ার্ড নং-১৪ (অংশ), মিরপুর, ঢাকা-১২১৬। **বেসিক ব্যাংক লিমিটেড, বাবুবাজার শাখা, ঢাকা** হইতে বিভিন্ন প্রকারের ঋণ/অগ্রীম যেমন সিসি (হাইপো), স্বল্প মেয়াদী ঋণ এবং মেয়াদী ঋণ গ্রহণ করেন। বারংবার তাগাদা দেয়া স্বত্ত্বেও ঋণগ্রহীতা ঋণ পরিশোধ না করায় ১১/০৮/২০২৫ ইং তারিখ পর্যন্ত ব্যাংকের পাওনা **৪৭,০৬,৭২৯.৯৮ (সাতচল্লিশ লক্ষ ছয় হাজার সাতশত উনত্রিশ টাকা আটানব্বই পয়সা মাত্র)** এবং আদায় কালতক সুদ ও অন্যান্য খরচ আদায়ের লক্ষ্যে অত্র ব্যাংকের অনুকুলে সম্পাদিত রেজিস্টার্ড বন্ধকী দলিল ও আমমোক্তারনামা দলিলমূলে বিক্রয়ের ক্ষমতাপ্রাপ্ত হয়ে অর্থঋণ আদালত আইন-২০০৩ এর ১২(৩) ধারা মোতাবেক নিম্ন তফসিলভুক্ত সম্পত্তি নিলামে বিক্রয়ের জন্য আগ্রহী ক্রেতাগনের নিকট হইতে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে দরপত্র আহবান করা যাইতেছে। **আগামী ২২/০৯/২০২৫ ইং** তারিখ বেলা ১২.০০ ঘটিকার মধ্যে বেসিক ব্যাংক লিমিটেড, বাবুবাজার শাখা, ঢাকায় রক্ষিত বাক্সে সরাসরি কিংবা রেজিস্ট্রি ডাকযাগে দরপত্র জমা করিতে হইবে। দরপত্র অবশ্যই শর্তমুক্ত হইতে হইবে।

### -শর্তাবলী-

১. প্রত্যেক দরপত্র উক্ত বিজ্ঞপ্তি সহকারে তাহাদের নিজস্ব প্যাডে অথবা সাদা কাগজে স্পষ্ট অক্ষরে তাহাদের নাম, ঠিকানা, জাতীয় পরিচয়পত্র নং, টেলিফোন নম্বর (যদি থাকে), টেন্ডার মূল্য অংকে ও কথায় লিখিয়া এবং দরপত্র সীল মোহরকৃত খামে এবং খামের উপর স্পষ্ট অক্ষরে "সম্পত্তি ক্রয়ের দরপত্র" লিখিয়া দাখিল করিতে হইবে।

২. দরপত্র **আগামী ২২/০৯/২০২৫ ইং** তারিখ অপরাহ্ন ১২.০০ ঘটিকার মধ্যে **বেসিক ব্যাংক লিমিটেড, বাবুবাজার শাখা**, ঢাকায় রক্ষিত দরপত্র বাক্সে সরাসরি কিংবা রেজিষ্ট্রিকৃত ডাকযোগে জমা দিতে হইবে। উক্ত দিবসেই অপরাহ্ন ২.০০ ঘটিকার সময় দরপত্র দাতাদের সামনে (যদি কেউ উপস্থিত থাকেন) দরপত্র বাক্স খোলা হইবে। রেজিষ্ট্রি ডাকযোগে প্রেরণের ক্ষেত্রে তাহা অবশ্যই উক্ত নির্ধারিত সময়ের মধ্যে পৌছাইতে হইবে।

৩. প্রত্যেক দরদাতা উদ্বৃত দর অনুর্ধ্ব ১০,০০,০০০/- (দশ) লক্ষ টাকা হইলে উহার ২০% উদ্বৃত দর ১০,০০,০০০/- (দশ) লক্ষ টাকা অপেক্ষা অধিক এবং অনুর্ধ্ব ৫০,০০,০০০/- (পঞ্চাশ) লক্ষ টাকা হইলে উহার ১৫% এবং উদ্বৃত দর ৫০,০০,০০০/- (পঞ্চাশ) লক্ষ টাকা অপেক্ষা অধিক হইলে উহার ১০% এর সমপরিমান টাকা জামানত স্বরূপ যে কোন তফসিলী ব্যাংক হইতে ব্যাংক ড্রাফট বা পে-অর্ডারের মাধ্যমে **"বেসিক ব্যাংক লিমিটেড, বাবুবাজার শাখা, ঢাকা"** এর অনুকূলে দরপত্রের সহিত দাখিল করিবেন।

৪. অনুর্ধ্ব ১০,০০,০০০/- (দশ) লক্ষ টাকার উদ্বৃত দর গৃহীত হইবার পরবর্তী ৩০ (ত্রিশ) দিবসের মধ্যে, ১০,০০,০০০/- (দশ) লক্ষ টাকা অপেক্ষা অধিক এবং অনুর্ধ্ব ৫০,০০,০০০/- (পঞ্চাশ) লক্ষ টাকার উদ্বৃত দর গৃহীত হইবার পরবর্তী ৬০ (ষাট) দিবসের মধ্যে এবং ৫০,০০,০০০/- (পঞ্চাশ) লক্ষ টাকার অধিক উদ্বৃত দর গৃহীত হইবার পরবর্তী ৯০ (নব্বই) দিবসের মধ্যে সমূদয় মূল্য পরিশোধ করিবেন এবং তাহা করিতে ব্যর্থ হইলে ব্যাংক উক্ত জামানতের টাকা বাজেয়াপ্ত করিতে পারিবেন।

৫. দরপত্রে প্রদত্ত মূল্য অস্বাভাবিক ভাবে অপর্যাপ্ত বা কম প্রতীয়মান হইলে বা একটি তফসিলের আংশিক সম্পত্তির ক্রয়ের জন্য দরপত্র দাখিল করিলে বা কম জামানত বা ত্রুটিপূর্ণ দরপত্র দাখিল করিলে তাহা সরাসরি বাতিল বলিয়া গণ্য হইবে।

৬. উপরে বর্ণিত ৩ ও ৪ নং শর্তের অধীনে প্রথম সর্বোচ্চ দরদাতার জামানত বাজেয়াপ্ত হইলে ব্যাংক দ্বিতীয় সর্বোচ্চ দরদাতাকে সম্পত্তি ক্রয়ে আহ্বান করিতে পারিবেন।

৭. সফল দরদাতাকে নিম্ন তফসিল বর্ণিত সম্পত্তির রেজিষ্ট্রেশন সংক্রান্ত যাবতীয় খরচ এবং উহার উপর কোন সরকারী, আধা-সরকারী, স্বায়ত্বসাশিত প্রতিষ্ঠানের যথা পৌরসভা, ওয়াসা, পিডিবি, পানি, বিদ্যুৎ, গ্যাস সরবরাহকারী প্রতিষ্ঠান, ভুমিকর ইত্যাদি সহ যে কোন বিল বা পাওনা বা দাবী বা বিবিধ খরচ থাকিলে তাহা দরদাতাকে বহন করিতে হইবে।

৮. নিলামে অংশ গ্রহণে ইচ্ছুক আগ্রহী ক্রেতাগণ বিস্তারিত জানার জন্য ব্যাংকের সংশ্লিষ্ট শাখায় অফিস চলাকালীন সময়ে যোগাযোগ করিতে পারিবেন।

৯. কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন বা সকল দরপত্র বাতিল করিবার অধিকার ব্যাংক সংরক্ষণ করেন বটে।

### তফসিল

জেলা- সাতক্ষীরা, থানা- সাতক্ষীরা, সাব-রেজিস্ট্রি অফিস- সাতক্ষীরা সদর, ইউনিয়ন/পৌরসভা- সাতক্ষীরা, গ্রাম-কাটিয়া, মৌজা- কাটিয়া, জে.এল নং: ১০১, সাবেক/ডিএস খতিয়ান নং-৮১৬, এসএ খতিয়ান নং: ৮৬২, মাঠ জরিপ খতিয়ান নং-২০৫৬, ডিপি খতিয়ান নং-২২৬৭, নামজারী খতিয়ান নং-৮৬২/১৮/১, সিএস ও এসএ দাগ নং $\frac{১৭৭০}{২৪১৪}$, মাঠ জরিপ দাগ নং-২৭০৭, হোল্ডিং নং-৫৭০৭, সম্পত্তির পরিমাণ ৮.৬৭ শতাংশ। যাহার চৌহদ্দী উত্তরে- জনাব মহিউদ্দীন লস্কর, দক্ষিণে- রেজাউল ইসলাম গং, পূর্বে- জনাব মহিউদ্দীন লস্কর এবং পশ্চিমে- আতাউর রহমান।

**উপ মহাব্যবস্থাপক ও শাখা প্রধান**
বাবুবাজার শাখা, মোবাইল- ০১৯১৩-৩৮০৮৫৭।

দৈনিক নয়া দিগন্ত/ দৈনিক দৃষ্টিপাত (সাতক্ষীরা)
প্রকাশ- ২৪/০৮/২০২৫ইং